[illegible]

[illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 30 Nov 2024

**Application Deadline:**31 Dec 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পরিচালকের কার্যালয়
কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল
২, রাজারবাগ, ঢাকা
https://cph.police.gov.bd

স্মারক নং-কেঃপুঃহাঃ/নিয়োগ-২০২৪/ ৫১০৭ তারিখ: ২৮/১১/২০২৪খ্রি.।

# নিয়োগ বিজ্ঞপ্তি

ময়মনসিংহ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, যশোর, কুষ্টিয়া, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, রংপুর ও কক্সবাজার জেলা পুলিশ হাসপাতালের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের সকল জেলার যোগ্য প্রার্থীদের নিকট হতে http://cph.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল | পদের সংখ্যা ও ধরন | যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি)<br>গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- | ১২ (বার) (অস্থায়ী পদ: বছর বছর সংরক্ষণের ভিত্তিতে) | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে মেডিকেল টেকনোলজিতে ডিপ্লোমা ডিগ্রি। |
| ২. | কম্পাউন্ডার<br>গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- | ০৫ (পাঁচ)<br>স্থায়ী পদ | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মেসি বিষয়ে অন্যূন ০৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১২ (বার) (অস্থায়ী পদ: বছর বছর সংরক্ষণের ভিত্তিতে) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |

২। শর্তাবলি:

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

(খ) ০২/১২/২০২৪ খ্রি. তারিখে সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। তবে,
(১) বয়স নির্ধারণের ক্ষেত্রে আবেদনের শেষ তারিখের মধ্যে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।
(২) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(গ) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান ও প্রযোজ্য ক্ষেত্রে সর্বশেষ জারীকৃত বিধি-বিধান অনুসরণ করা হবে।

(ঙ) নির্ধারিত তফসিল অনুযায়ী সকল পদের লিখিত ও মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত/ মৌখিক/ব্যবহারিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

(চ) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও কোটার সমর্থনে (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত ১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, বাংলাদেশের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ছ) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

(জ) এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনবোধে যে কোন সংশোধন, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ঝ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

৩। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে (www.police.gov.bd) এবং কেন্দ্রীয় পুলিশ হাসপাতালের ওয়েবসাইটে (https://cph.police.gov.bd) পাওয়া যাবে।

৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://cph.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০২/১২/২০২৪ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/১২/২০২৪ খ্রিষ্টাব্দ বিকাল ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

বাংলাদেশ প্রতিদিন

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি) ও কম্পাউন্ডার পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৩৫/- টাকাসহ মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS প্রেরণের নিয়মাবলি:
প্রথম SMS : CPH<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CPH ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK-335 / 223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CPH <Space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: CPH<space>Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CPH Yes 12345678 & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for CPH Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cph.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন ।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে CPH <space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CPH Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে CPH<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: CPH Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কেন্দ্রীয় পুলিশ হাসপাতালের ওয়েবসাইট https://cph.police.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://cph.police.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CPH, Post Name: * * *, Applicant's User ID I Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঠ) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/১১/২০২৪
সরদার নূরুল আমিন
বিপি-৬৯৯৫০৩১১৩২
পরিচালক (ডিআইজি)
কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকা
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন/ পদোন্নতি কমিটি

জি-১৯১২/২৪ (২০x৩)